

## বাংলাদেশ সুপ্রীম কোর্ট

### হাইকোর্ট বিভাগ

(২০২৪ সনের ০৬নং গঠনবিধি)

আমি এতদ্বারা নির্দেশ করিতেছি যে, আগামী ০৩ জানুয়ারি, ২০২৪ খ্রি. তারিখ রোজ বুধবার সকাল ১০:৩০ মিনিট হইতে হাইকোর্ট বিভাগের বিচারকার্য পরিচালনার জন্য নিম্নে উল্লিখিত বেঞ্চ সমূহ গঠন করা হইলঃ

১.

বিচারপতি আবু তাহের মোঃ সাইফুর রহমান

এবং

বিচারপতি মোঃ বশির উল্লাহ

একত্র ডিভিশন বেঞ্চে বসিবেন এবং দুর্নীতি দমন কমিশন আইন ও মানি লভারিং আইনের অধীন বিষয়াদিসহ ডিভিশন বেঞ্চে গ্রহণযোগ্য ফৌজদারী মোশনসহ বাংলাদেশ নির্বাচন কমিশন আইন ও বিধি সংক্রান্ত রীট মোশন; শুনানীর জন্য ফৌজদারী মঞ্জুরীকৃত আপীল; ফৌজদারী কার্যবিধির ৫৬১A এবং ৪৩৯ ধারার মোকদ্দমা সমূহ শুনানী ও নিষ্পত্তি করিবেন; যে সব বিষয় এই বেঞ্চে স্থানান্তরিত হইবে এবং উপরোক্তিত বিষয়াদি সংক্রান্ত রূল, আবেদনপত্র গ্রহণ এবং শুনানী করিবেন।

২.

বিচারপতি মোঃ ইকবাল কবির

এবং

বিচারপতি এস, এম, মনিরজ্জামান

একত্র ডিভিশন বেঞ্চে বসিবেন এবং শুনানীর জন্য ভ্যাট, কাস্টমস, ইনকামট্যাক্স, দেউলিয়া বিষয়াদি, সিটি কর্পোরেশনের ট্যাক্স, আর্থিক প্রতিষ্ঠান এবং অর্থস্থল আইন সংগ্রান্ত বিষয়াদিসহ বাংলাদেশ নির্বাচন কমিশন আইন ও বিধি সংক্রান্ত রীট মোশন; ২০০৯ইং সনের ট্রেডমার্ক আইনের অধীনে আপীল; ১৯১১ইং সনের পেটেট ও ডিজাইন আইনের ৫১(ক) এবং ২৬(খ), (গ), (ঘ) ও (ঙ) ধারামতে আবেদনপত্র ও আপীল; সালিশ আইন হইত উত্তৃত দেওয়ানী ও রীট সংগ্রান্ত মোশন ও শুনানী; মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর ১২৪ ধারা মোতাবেক রিভিশন/আপীল সহ মূল্য সংযোজন কর আইন, ১৯৯১-এর ধারা ৪২(১)(গ) ক্ষমতাবলে এ্যাপিলেট ট্রাইবুনাল কর্তৃক প্রদত্ত সিদ্ধান্ত বা আদেশের বিরুদ্ধে আপীল; আয়কর রেফারেন্স মোকদ্দমা ও আয়কর সংগ্রান্ত রীট; কাস্টমস এ্যাস্ট, ১৯৬৯-এর ধারা ১৯৬ডি অনুযায়ী আপীল শুনানী করিবেন এবং যে সব বিষয় এই বেঞ্চে স্থানান্তরিত হইবে এবং উপরোক্তিত বিষয়াদি সংক্রান্ত রূল, আবেদনপত্র গ্রহণ ও শুনানী করিবেন।

স্বাঃ/-

বাংলাদেশের প্রধান বিচারপতি

তারিখঃ ০২ জানুয়ারি, ২০২৪ খ্রি।

#### প্রচারের জন্যঃ

১. বিচারপতি আবু তাহের মোঃ সাইফুর রহমান
২. বিচারপতি মোঃ ইকবাল কবির
৩. বিচারপতি এস, এম, মনিরজ্জামান
৪. বিচারপতি মোঃ বশির উল্লাহ